

তারিখ ... ..  
পৃষ্ঠা ৭৪ কলাম ৩

## সান্তাহারে মাদ্রাসা ছাত্রী গণধর্ষণ ১৮ দিন পর চার্জশীট দাখিল

সান্তাহার, ২৩ আগস্ট, নিজস্ব সংবাদদাতা ॥ সান্তাহারের বহুল আলোচিত ৯ম শ্রেণীর মাদ্রাসা ছাত্রী (১৫) গণধর্ষণ ঘটনার ৮ দিন পর শনিবার লোমহর্ষক ও চাঞ্চল্যকর হিসাবে চিহ্নিত মামলার চার্জশীট দেয়া হচ্ছে। চার্জশীটে ঘটনার পরদিন প্রেফতারকৃত ৪ জনকেই অভিযুক্ত করা হয়েছে তদন্তে প্রাপ্ত সাক্ষ্যপ্রমাণ ও মেডিক্যাল রিপোর্টের ভিত্তিতে। বৃহস্পতিবার বগুড়া মেডিক্যাল বোর্ডের রিপোর্ট আদমদীঘি থানায় এসেছে। রিপোর্টে একাধিকজনের জোরপূর্বক ধর্ষণ করার স্পষ্ট আলামত পাওয়া গেছে। মামলার তদন্তকারী অফিসার থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ আব্দুল কাদের শুক্রবার জনকণ্ঠকে জানান, প্রধানমন্ত্রী দফতরের তত্ত্বাবধানে পরিচালিত বগুড়া জেলা প্রশাসনের চাঞ্চল্যকর ও লোমহর্ষক মামলা মনিটরিং সেলের নির্ধারিত ৭ দিন সময়ের ২ দিন পূর্বে চার্জশীট দেয়া সম্ভব হচ্ছে যথাসময়ে সাক্ষ্যপ্রমাণ পাওয়ার জন্য। ১৫ আগস্ট বৃহস্পতিবার উপজেলার সান্তাহার শহরসংলগ্ন কয়েতপাড়া গ্রামের পাশে ওই গ্রামের ৪ নরপত পার্শ্ববর্তী ময়ূরকাশিমালা গ্রামের মাসুদ প্রামাণিকের কন্যাকে তার সঙ্গী দূরসম্পর্কীয় নানা পল্টুগাইনকে মারপিট করে ও ছিনিয়ে নিয়ে পাল্যক্রমে ধর্ষণ করে।